জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার

অতীব জরুরী

গণভোট ২০২৬ সংসদ নির্বাচন দেশের চাবি আপনার হাতে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www. jamalpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.৩৯০০.০১৫.১৬.০১০.২৫-৫৪

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ / ১৮ জানুয়ারি ২০২৫

## গণবিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, রাজনৈতিক-৪ শাখা এর স্মারক নম্বর-৪৪.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩, তারিখ: ১৮ জানুয়ারি ২০২৬ প্রজ্ঞাপন মূলে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরিচালনার লক্ষ্যে আগামী ৩১ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে নিকটস্থ থানায় বৈধ অস্ত্র সমর্পন করতে হবে। এছাড়া ঘোষিত তফসিল অনুসরণে আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণের আগ্নেয়াস্ত্র বহন ও প্রদর্শন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। তবে "রাজনৈতিক গুরুত্বপূর্ণ ব্যক্তি ও জাতীয় সংসদ সদস্য পদপ্রার্থীদের অনুকূলে 'আগ্নেয়াস্ত্র লাইসেন্স ও রিটেইনার নিয়োগ নীতিমালা, ২০২৫" অনুযায়ী নির্বাচন কমিশনে বৈধভাবে মনোনয়নপত্র দাখিল ও গৃহীত জাতীয় সংসদ সদস্য পদপ্রার্থী এবং তার সশস্ত্র রিটেইনারের ক্ষেত্রে বৈধ অস্ত্র প্রদর্শন নিষিদ্ধকরণ সংক্রান্ত নির্দেশনা প্রযোজ্য হবে না। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। নিকটস্থ থানায় বৈধ অস্ত্র সমর্পন পূর্বক জি.ডি (জেনারেল ডায়েরি) কপি অত্র কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৮.০১.২৬

মোহাম্মদ ইউসুপ আলী
জেলা প্রশাসক, জামালপুর
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
ফোন: ০২-৯৯৭৭৭-২১২৩
ই-মেইল: dcjamalpur@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.৩৯০০.০১৫.১৬.০১০.২৫-৫৪

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ / ১৮ জানুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতি জন্য/সদয় কার্যার্থে/অবগতি জন্য/ কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫. উপ মহাপুলিশ পরিদর্শক, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।
৬. পুলিশ সুপার, জামালপুর।
৭. অধিনায়ক, ৩৫ বিজিবি, জামালপুর।